

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
আদমদীঘি, বগুড়া  
www.adamdighi.bogra.gov.bd

স্বাক্ষরিত  
২২/০৯/২০২৫  
মাহমুদা সুলতানা  
পরিচিতি নং-১৯০৬৫  
সহকারী কমিশনার (ভূমি)  
আদমদীঘি, বগুড়া।

স্মারক নম্বর: ০৫.৫০.১০০৬.০০০.১১.০০৫.২৫.১০৪২

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩২ ব.  
১১ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

আদমদীঘি ডাক বাংলোর উত্তর পার্শ্বে উপজেলা পরিষদের পুকুর উন্মুক্ত ডাকের মাধ্যমে ইজারার বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে অবহিত করা যাচ্ছে যে, আদমদীঘি ডাক বাংলোর পার্শ্বে উপজেলা পরিষদের একটি পুকুর রয়েছে। যার মৌজা তালশন, ঋতিয়ান নং- ৮, দাগ নং- ১৩৯ ও জেএল নং- ৫২। উক্ত পুকুরটি দীর্ঘ দিন যাবৎ ইজারা বিহীন অবস্থায় রয়েছে। পুকুরটি ইজারা প্রদান করা হলে সরকারি রাজস্ব আদায় হবে সে লক্ষ্যে বর্তমানে উক্ত পুকুরটি ইজারা প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা পরিষদের গত আগস্ট ২০২৫ মাসের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে আগামী ২৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ টায় উপজেলা পরিষদ সভাকক্ষে আদমদীঘি ডাক বাংলোর উত্তর পার্শ্বে উপজেলা পরিষদের পুকুরটি নিম্নোক্ত শর্ত সাপেক্ষে উন্মুক্ত ডাকের মাধ্যমে ইজারা প্রদান করা হবে।

পুকুর ইজারা প্রদানের শর্তাবলী:

- ০১। উন্মুক্ত ডাকের মাধ্যমে পুকুরটি ইজারা প্রদান করা হবে।
- ০২। বাংলা ১৪৩২ সনের ১০ আশ্বিন হতে ১৪৩৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদান করা হবে।
- ০৩। সরকার কর্তৃক নিষিদ্ধ কোনো প্রকার মাছ উক্ত পুকুরে চাষ করা যাবে না।
- ০৪। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ বিনা নোটিশে ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ০৫। ইজারা গৃহীত পুকুরটির আয়তন হ্রাস বৃদ্ধি করতে পারবে না এবং জলাশয়ের সীমানা অক্ষুণ্ণ রাখতে হবে।
- ০৬। পুকুরের পাড়সহ সীমানার ভিতরে কোনো প্রকার অবকাঠামো নির্মাণ করা যাবে না।
- ০৭। পুকুরটি সরেজমিনে পরিদর্শনপূর্বক উন্মুক্ত ডাকে অংশগ্রহণ করতে হবে। অন্যথায় পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য নয়।
- ০৮। ইজারা প্রদান ও বাতিলের ক্ষেত্রে ইজারা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৯। ২৫/০৯/২০২৫ খ্রি. তারিখের মধ্যে ইজারা গৃহীতাকে সমুদয় ইজারা মূল্যসহ ১৫% অর্থ মূল্য সংযোজন কর ও ১০% অর্থ আয়কর হিসাবে পরিশোধ করতে হবে।

আদমদীঘি, বগুড়া।

স্বাক্ষরিত  
২২.০৯.২০২৫  
(নিশাত আনজুম অনন্যা)  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
প্রশাসক, উপজেলা পরিষদ  
আদমদীঘি, বগুড়া  
ফোন: ০২৫৮৮৮৮৯২০০

ই-মেইল- unoadamdighi@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ০১। জেলা প্রশাসক, বগুড়া।
- ০২। উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।
- ০৩। সহকারী কমিশনার (ভূমি), আদমদীঘি, বগুড়া।
- ০৪। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, আদমদীঘি, বগুড়া।
- ০৫। উপজেলা ..... অফিসার, আদমদীঘি, বগুড়া।